

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৮৪

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৪৮. সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রম নিষিদ্ধ

منع المار بين يدي المصلي

আরবী

حَدِيْتُ أَبِي جُهَيْمٍ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ أَنَّ زَيْدَ بْنَ خَالِدٍ أَرْسَلَهُ إِلَى أَبِي جُهَيْمٍ يَسْأَلُهُ مَاذَا سَمِعَ مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي الْمَارِّ بَيْنَ يَدَيُ الْمُصلِّي فَقَالَ أَبُو جُهَيْمٍ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَيُ الْمُصلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَيُ الْمُصلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيْهِ

বাংলা

২৮৪. বুসর ইবনু সা'ঈদ (রহ.) হতে বর্ণিত যে, যায়দ ইবনু খালিদ (রাযি.) তাঁকে আবূ জুহায়ম (রাযি.)-এর নিকট পাঠালেন, যেন তিনি তাঁকে জিজ্ঞেস করেন যে, মুসল্লীর সামনে দিয়ে অতিক্রমকারীর সম্পর্কে তিনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে কি শুনেছেন। তখন আবূ জুহায়ম (রাযি.) বললেনঃ আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি মুসল্লীর সামনে দিয়ে অতিক্রমকারী জানতো এটা তার কত বড় অপরাধ, তাহলে সে মুসল্লীর সামনে দিয়ে অতিক্রম করার চেয়ে চল্লিশ (দিন/মাস/বছর) দাঁড়িয়ে থাকা উত্তম মনে করতো।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ১০১, হাঃ ৫১০; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৪৮, হাঃ ৫০৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বুসর ইবনু সা'ঈদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন